

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৬

পানিসাগর, ৯ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

পানিসাগর মহকুমায় স্ট্রং রুম পরিদর্শনে সাধারণ পর্যবেক্ষক

আসন্ন লোকসভা নির্বাচন উপলক্ষে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের সাধারণ পর্যবেক্ষক শচীন্দ্র প্রতাপ সিং আজ ৫৮-পানিসাগর বিধানসভা নির্বাচনী ক্ষেত্র পরিদর্শন করেন। তিনি পানিসাগর পঞ্চায়েত সমিতি কার্যালয়ে ৫৮-পানিসাগর বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের স্ট্রং রুম পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি নির্বাচনের প্রস্তুতি সংক্রান্ত বিভিন্ন বিষয়ে খোঁজখবর নেন। স্ট্রং রুম পরিদর্শনের সময় সাধারণ পর্যবেক্ষকের সঙ্গে উপস্থিত ছিলেন এআরও তথা পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুশান্ত দেববর্মা, মহকুমা পুলিশ আধিকারিক সৌম্য দেববর্মা, পানিসাগর ব্লকের বিডিও নবব্রত দত্ত প্রমুখ।
